# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

**সভার নামঃ** পরিচালনা পর্ষদ সভা, ২০১৬।

**তারিখঃ** ২১ ডিসেম্বর ২০১৬।

**স্থানঃ** কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ হাসপাতাল, সোনাডাঙ্গা, খুলনা।

অদ্যকার পরিচালনা পর্ষদের সভায় সভাপতিত্ব করেন গাজী মেডিকেল কলেজের মাননীয় চেয়ারম্যান জনাব ডা. গাজী মিজানুর রহমান। গত ৩০/১১/২০১৬ ইং তারিখে পূর্বের কমিটির মেয়াদ শেষ হওয়ায় অদ্যকার সভার শুরুতে উপস্থিত নতুন কমিটির সকল সদস্যবৃন্দকে সভাপতি মহোদয় ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানান।

**উপস্থিতিঃ**

পরিচালনা পর্ষদের **১৫** জন সদস্যদের মোট **১২** জন সদস্য উপস্থিত ছিলেন। উপস্থিত সদস্যদের নাম ও পদবী নিম্নরুপ:

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | ডাঃ গাজী মিজানুর রহমান | চেয়ারম্যান |
| ২ | মিসেস তানিয়া রহমান | দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য |
| ৩ | গাজী সেজান তানভীর | প্রতিষ্ঠাতা সদস্য |
| ৪ | অধ্যাপক ডাঃ এস কে বল্লভ | স্বাস্থ্য মন্ত্রণালয় প্রতিনিধি |
| ৫ | অধ্যাপক ডাঃ হরিদাস বিশ্বাস | শিক্ষক প্রতিনিধি |
| ৬ | অধ্যাপক ডাঃ মোঃ লস্কর শওকতউজ্জামান | শিক্ষক প্রতিনিধি |
| ৭ | জাকিয়া সুলতানা | অভিভাবক প্রতিনিধি |
| ৮ | মোঃ কামরুল হাসান | অভিভাবক প্রতিনিধি |
| ৯ | অধ্যাপক ডাঃ মোল্লা ওবায়েদুল্লাহ বাকী | বিদ্যোৎসাহী সদস্য |
| ১০ | ডাঃ বঙ্গ কমল বসু | বিদ্যোৎসাহী সদস্য |
| ১১ | ডাঃ কাজী মুজাহিদুল ইসলাম | বিশেষজ্ঞ প্রতিনিধি |
| ১২ | অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস | সদস্য সচিব |

**সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্তসমূহঃ**

১। প্রথমেই পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ করেন পর্ষদের সদস্য সচিব ও গাজী মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. মনোজ কুমার বোস।

ক) গত জরুরী সভার রেজুলেশন এর অনুচ্ছেদ নং-১ - এর গাজী মেডিকেল কলেজের প্রাক্তন অধ্যক্ষ অধ্যাপক ডাঃ শৈলেন্দ্র নাথ মিস্ত্রী স্বেচ্ছায় অব্যাহিত দেয়ার পরিবর্তে "অব্যাহতি নেয়া" কথাটি সংশোধন করে উপস্থিত সকলের সম্মতিক্রমে রেজুলেশনটি অনুমোদন করা হয়।

২। অদ্যকার ২০১৬-১৭ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি সংক্রান্ত আলোচনায় ভর্তি সম্পর্কিত সকল ধরনের কার্যক্রম এবং এর অগ্রগতি উপস্থাপন করা হয় এবং প্রয়োজনীয় ক্ষেত্রে কিছু সিদ্ধান্ত গ্রহন করা হয় যা সংযুক্তি-১ এ বিস্তারিত উল্লেখ করা হয়েছে।

৩। ২০১৭ সালের উন্নয়ন সম্পর্কে আলোচনায় যে বিষয়টি অত্যন্ত গুরুত্ব সহকারে উপস্থাপন করা হয় তা হল - গাজী মেডিকেল কলেজের নিজস্ব ক্যাম্পাস। সভাপতি মহোদয় ক্যাম্পাসের কাজের অগ্রগতি সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করেন যে, ক্যাম্পাসের জন্য কেডিএ প্লানের অনাপত্তি পত্র ইতিমধ্যে পাওয়া গিয়েছে। নতুন ক্যাম্পাস তৈরীর জন্য যে অর্থের প্রয়োজন তা ব্যাংক ঋণের মাধ্যমে পাওয়ার জন্য উপস্থিত সকল সদস্যবৃন্দ সিদ্ধান্ত গ্রহন করেন।

৪। ২০১৬ সালের কলেজের সামগ্রিক কর্মকান্ডের আলোচনায় কলেজের একাডেমিক, সাংস্কৃতিক, সামাজিক, অর্থনেতিক, অবকাঠামো ইত্যাদি উন্নয়ন মূলক বিষয় সমূহ পর্যালোচনা করা হয় এবং কিছু সিদ্ধান্ত গ্রহন করা হয়। যা সংযুক্তি-২ এ বিস্তরিত উল্লেখ করা হল।

৫। এ ছাড়াও অদ্যকার সভায় কয়েকটি বিষয়ে আলোচনা সাপেক্ষে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

ক) অত্র কলেজের বায়োকেমিষ্ট্রি বিষয়ের প্রভাষক ডাঃ মুক্তা পারভীন-কে উক্ত বিভাগের সহকারী অধ্যাপক পদে এবং প্রশাসন বিভাগের হিসাব রক্ষন কর্মকর্তা মোঃ জাহাঙ্গীর হোসেন-কে উর্দ্ধতন হিসাব রক্ষন কর্মকর্তা পদে পদোন্নতি দেয়া হয়।

খ) অদ্যকার সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, অত্র কলেজে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ১ম বর্ষে অস্বচ্ছল ও মেধাবী কোটায় ছাত্র-ছাত্রী ভর্তিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধিদের এবং পরিচালনা পর্ষদ কর্তৃক মনোনীত ভর্তি কমিটির সদস্যবৃন্দের সম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

গ) সভাপতি মহোদয় কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষকে অত্যন্ত দক্ষতার সাথে কলেজ পরিচালনার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভাকে অবহিত করেন যে, দক্ষ অধ্যক্ষ না পাওয়ায় পুনরায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে।

পরিশেষে, গাজী মেডিকেল কলেজের সম্মানিত সভাপতি ডাঃ গাজী মিজানুর রহমান বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ এ্যাসোসিয়েশন এর "আইন বিষয়ক সম্পাদক" নির্বাচিত হওয়ায় পর্ষদের সকল সদস্যবৃন্দ সভাপতি মহোদয়কে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। সভাপতি মহোদয় সকল সদস্যবৃন্দ গাজী মেডিকেল কলেজ এর উন্নয়ন কর্মকান্ডে ভূমিকা রাখারা জন্য ধন্যবাদ জ্ঞাপন কওে আজকের সভার সম্পাপ্তি ঘোষণা করেন।

ডাঃ গাজী মিজানুর রহমান
সভাপতি, পরিচালনা পর্ষদ এবং
চেয়ারম্যান, গাজী মেডিকেল কলেজ

সম্মানিত সকল সদস্যেবৃন্দের অবগতির জন্য রেজুলেশনের অনুলিপি প্রদান করা হলো।

অধ্যাপক ডাঃ মনোজ কুমার বোস
সদস্য সচিব, পরিচালনা পর্ষদ এবং
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গাজী মেডিকেল কলেজ

সংযুক্তি-০১

# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

১। ২০১৬-১৭ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি সংক্রান্ত।

- গাজী মেডিকেল কলেজ, খুলনা এর পরিচালনা পর্ষদের গত ২২/০৪/২০১৬ ইং তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত ভর্তি কমিটি ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম পরিচালনা করছেন।

- গাজী মেডিকেল কলেজ, খুলনাতে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী গত ১০/১১/২০১৬ ইং তারিখে ২টি বাংলা দৈনিক পত্রিকা (দৈনিক প্রথম আলো ও দৈনিক সময়ের খবর) এবং ১ টি ইংরেজী পত্রিকা (The Daily Tribune) - তে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়।

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী ১২/১১/২০১৬ ইং তারিখ হতে ২৬/১১/২০১৬ ইং তারিখ পর্যন্ত ফরম বিতরণ ও জমা নেওয়া হয়।

- এমবিবিএস কোর্সে ভর্তির জন্য আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের কাগজ-পত্রাদি যাচাই বাছাই করে গত ২৮/১১/২০১৬ ইং তারিখে ১ম মেধা তালিকায় মার্কস (মেরিট পজিশন) এর ভিত্তিতে ৪৫ জন ছাত্র-ছাত্রীর [মোট আসন ১০০ টি যার মধ্যে ৫০ টি আসন বিদেশী ছাত্র-ছাত্রীদের জন্য (৫ টি আসন অস্বচ্ছল ও মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য সংরক্ষিত)] ফলাফল প্রকাশ করা হয় এবং ০৭/১২/২০১৬ ইং তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে ভর্তির জন্য বলা হয়।

- ১ম মেধা তালিকা হতে নির্ধারিত সময়ে ২২ জন ছাত্র-ছাত্রী ভর্তির পর আসন শূন্য থাকায় গত ০৭/১২/২০১৬ ইং তারিখে মার্কসের (মেরিট পজিশন) ভিত্তিতে ১ম অপেক্ষমান তালিকা প্রকাশ করা হয় এবং ১৫/১২/২০১৬ ইং তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে ভর্তির জন্য বলা হয়।

- ১ম অপেক্ষমান তালিকা হতে নির্ধারিত সময়ে ১৫ জন ছাত্র-ছাত্রী ভর্তির পর আসন শূন্য থাকায় গত ১৫/১২/২০১৬ ইং তারিখে মার্কসের (মেরিট পজিশন) ভিত্তিতে ২য় অপেক্ষমান তালিকা প্রকাশ করা হয় এবং অদ্য ২১/১২/২০১৬ ইং তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে ভর্তির জন্য বলা হয়।

- ২য় অপেক্ষমান তালিকা হতে ইতিমধ্যে ১০ জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে। অর্থাৎ ইতিমধ্যে সর্বমোট ২২+১৫+১০= ৪৭ জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়েছে। আসন শূন্য থাকা সাপেক্ষে তালিকা প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হবে।

- অস্বচ্ছল ও মেধাবী কোটায় আবেদনকৃত ছাত্র-ছাত্রীদের সকল কাগজ পত্রাদি যাচাই-বাছাই এবং ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকগনের সাক্ষাৎকার গ্রহন সাপেক্ষে চুড়ান্ত তালিকা তৈরীর জন্য আগামী ২৩/১২/২০১৬ ইং তারিখ শুক্রবার সকাল ১০.০০ টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের মনোনীত প্রতিনিধিদের উপস্থিতিতে ভর্তি কমিটির জরুরী সভা অনুষ্ঠিত হবে।

- বিদেশী কোটায় ভর্তির জন্য বর্হিবিশ্বের দেশগুলি হতে গাজী মেডিকেল কলেজ, খুলনাতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীরা স্ব স্ব দেশে অবস্থিত বাংলাদেশ হাই কমিশন এর মাধ্যমে ইতিমধ্যে স্বাস্থ্য অধিদপ্তরে আবেদন করেছে এবং অত্র কলেজে তাদের ভর্তির বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। তবে সময় স্বল্পতার জন্য তাদের ভর্তির বিষয়টি বাধাগ্রস্ত হচ্ছে।

- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নীতিমালা অনুযায়ী গাজী মেডিকেল কলেজ, খুলনাতে ২০১৬-১৭ শিক্ষাবর্ষে বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির জন্য ৫০ টি আসন সংরক্ষিত আছে। কিন্তু পার্শ্ববর্তী দেশ ভারতে সৃষ্ট অর্থনৈতিক অচলাবস্থার কারনে বিদেশী কোটা পূরন হওয়া অনিশ্চিত। অত্র কলেজের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি কমিটির সভায় সিদ্ধান্ত গ্রহন করা হয় যে, বিদেশী কোটা পূরন না হলে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী উক্ত কোটায় প্রয়োজনীয় সংখ্যক দেশী ছাত্র-ছাত্রী ভর্তি করা যাবে।

# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

গাজী মেডিকেল কলেজ দক্ষিণবঙ্গের প্রথম ও সেরা মেডিকেল কলেজ হিসাবে ২০১১ সাল থেকে তার কার্যক্রম পরিচাল না করে আসছে। গাজী মেডিকেল কলেজ তারই স্বীকৃতিস্বরুপ ২০১৫ সালে ইউরোপ বিজনেস এ্যাসেম্বলি কর্তৃক সেরা মেডিকেল কলেজের স্বীকৃতি লাভ করে। তাছাড়া গাজী মেডিকেল কলেজের চেয়ারম্যান মহোদয় পর পর দুটি আন্তর্জাতিক পুরস্কার লাভ করেন যার প্রথমটি ছিল স্বাস্থ্য সেবা ও চিকিৎসা শিক্ষা বিস্তারের জন্য গত নভেম্বর ২০১৫ তে ইউরোপ বিজনেস এ্যাসেম্বলি কর্তৃক ম্যানেজার অব দ্যা ইয়ার ২০১৫"। আর দ্বিতীয়টি শিক্ষা বিস্তারে অসামান্য অবদান রাখায় জানুয়ারী ২০১৬ তে "মাদার তেরেসা আন্তর্জাতিক এ্যাওয়ার্ড ২০১৬" পুরষ্কার।

**প্রাতিষ্ঠানিক (শিক্ষা কার্যক্রম) উন্নয়নঃ**

১. ২০১৬ সালে অনুষ্ঠিত বিভিন্ন বৃত্তিমূলক পরীক্ষায় অত্র কলেজের ফলাফল ঃ

| পরীক্ষার সন | পরীক্ষার নাম | পরীক্ষার্থীর সংখ্যা | পাশের সংখ্যা | পাশের হার |
|---|---|---|---|---|
| জানুয়ারী/ ২০১৬ (সাপলিমেন্টারী) | ১ম বৃত্তিমূলক এমবিবিএস | ২ | ২ | ১০০% |
| | ২য় বৃত্তিমূলক এমবিবিএস | ২৬ | ১৮ | ৬৯.২% |
| | | | | |
| মে/২০১৬ | ১ম বৃত্তিমূলক এমবিবিএস (জি-৪) | ৮২ | ৫১ | ৬২.২% |
| | ২য় বৃত্তিমূলক এমবিবিএস (জি-৩) | ৪৫ | ৩৭ | ৮২.২% |
| | | | | |
| জুলাই/২০১৬ | ২য় বৃত্তিমূলক এমবিবিএস (জি-২) | ৬৫ | ৪২ | ৬৪.৬% |
| | | | | |
| নভেম্বর/ ২০১৬ (সাপলিমেন্টারী) | ১ম বৃত্তিমূলক এমবিবিএস | ৪১ | পরীক্ষা চলছে | |
| | ২য় বৃত্তিমূলক এমবিবিএস | ২৩ | ফলাফল প্রকাশ হয় নাই | |

২. **ছাত্র-ছাত্রী ভর্তিঃ**

২০১৬-১৭ শিক্ষা বছরের ভর্তি কার্যক্রম চলমান আছে।

৩. ২০১৬-১৭ শিক্ষা বছরে গরীব ও মেধাবী কোটায় ভর্তির জন্য আগামী ২৩ ডিসেম্বর ২০১৬ তারিখ মন্ত্রণালয়ের প্রতিনিধির উপস্থিতিতে অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

৪. কলেজ নিয়মিতভাবে বিভিন্ন ধরনের সেমিনার ও সিম্পজিয়াম আয়োজন করে চলেছে। যার মধ্যে সাপ্তাহিক সায়িন্টিফিক সেমিনার, মাসিক ইন্টিগ্রেটেড সেমিনার উল্লেখযোগ্য। এছাড়া বিভিন্ন সময়ে বিষয়ভিত্তিক সেমিনার আয়োজন করা হয়।

৫. অভিভাবক সভাঃ

ছাত্র-ছাত্রীদের ক্লাশে উপস্থিতি ও পরীক্ষায় ভালো ফলাফলের নিমিত্তে নিয়মিত অভিভাবক সভা, ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধকরণ মিটিং আয়োজন করা হয়েছে। এমনকি তাদের ফলাফল এবং ক্লাশের উপস্থিতি মোবাইল ফোনের মাধ্যমে তাদের অভিভাবকদের অবহিত করা হয়।

৬. গাজী মেডিকেল কলেজ WHO World Medical Directory তে স্থান পাওয়া, ভারত ও নেপাল মেডিকেল কাউন্সিলের তালিকাভূক্ত, বাংলার জল ও হিনারির নম্বর প্রাপ্তি, গবেষণা সেলের তিনটি প্রকল্প পাওয়া ইত্যাদি।

৭. কলেজের জন্য প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নিয়ম অনুসরণ করে প্রাতিষ্ঠানিক ও প্রশাসনিক জনবল নিয়োগ করা হয়।

<u>অবকাঠামোগত উন্নয়নঃ</u>

১. কলেজ ক্যাম্পাস তৈরির জন্য KDA প্লান পাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে।

২. লাইব্রেরির উন্নয়নকল্পে এর জায়গা বৃদ্ধিসহ পড়ার টেবিল ও চেয়ার বাড়ানো হয়েছে। ২০১৫-১৬ শিক্ষাবর্ষে প্রায় ৫০০ টি দেশি ও বিদেশি নতুন বই ক্রয় করা হয়েছে।

৩. পড়াশুনার জন্য পেডিয়াট্রিক, অবস এ্যান্ড গাইনি সহ কয়েকটি ওয়ার্ড বাড়ানো হয়েছে।

৪. প্রভাষকবৃন্দের জন্য আলাদা বসার স্থান তৈরি করা হয়েছে।

<u>অর্থনৈতিক উন্নয়নঃ</u>

কলেজের অর্থনৈতিক অবস্থা এখন পর্যন্ত স্থিতিশীল নয় কারন কলেজের উন্নয়নকল্পে যে ধরনের কাজ করা হয় তা ব্যাংক রিনের দ্বারা পরিচালিত।

<u>সামজিক উন্নয়নঃ</u>

১. গাজী মেডিকেল কলেজ হাসপাতাল প্রতি সপ্তাহে একটি করে ফ্রি মেডিকেল ক্যাম্প পরিচালিত হচ্ছে।

২. এছাড়াও কলেজের শিক্ষা কার্যক্রম আরো সহজ করার জন্য কয়েক ধরনের অস্ত্রপাচার ফ্রি করা হয়েছে।

৩. কলেজের ষান্মাসিক জার্নাল 'মেডিস্কোপ' এর তৃতীয় সংখ্যা অনলাইনে প্রকাশ করা হয়েছে এবং প্রিন্টিং এর কাজ দ্রুত এগিয়ে চলেছে। এছাড়াও বাৎসরিক দেয়াল পত্রিকা প্রকাশ করা হয়।

৪. ডিসেম্বর ২০১৫ তারিখ শুরু হওয়া গাজী মেডিকেল কর্তৃক প্রকাশিত হওয়া স্বাথ্য বার্তা "হেলথ বুলেটিন" এই এলাকার মানুষের মধ্যে দারুন সাড়া ফেলেছে।

৫. ছাত্র-ছাত্রীদের নিজস্ব উদ্যোগে এখানে একটি ব্লাড ব্যাংক গড়ে উঠেছে।

<u>সাংস্কৃতিক উন্নয়নঃ</u>

১. বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক সপ্তাহ উদযাপিতঃ

১১ দিনের অনুষ্ঠানের মধ্য দিয়ে গাজী মেডিকেল কলেজ বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক সপ্তাহ উদযাপর করে। ডিসেম্বরের ০৬-১৬ তারিখ উদযাপিত অনুষ্ঠানমালা শেষ হয় ১৬ ডিসেম্বর তারিখে একদিন ব্যাপি সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে।

২. ঈদ-ই-মিলাদুন্নবীঃ

পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং মিলাদ শেষে সবার মাঝে তাবারক বিতরণ করা হয়।